13

তারিখ ... 21 MAY 1997 ...
পৃষ্ঠা ১ কলাম ১

দৈনিক ইত্তেফাক

# হাইস্কুলে বছরের অর্ধেক সময় ছুটি থাকে

**মাইনুল হাসান** ॥ কলেজ-বিশ্ববিদ্যালয়ের মত দেশের হাই স্কুলগুলিতেও এখন ক্লাস কম হইতেছে। হাইস্কুলে বছরে ৮৫ দিন সরকার নির্ধারিত ছুটি থাকে। ইহার সাথে যুক্ত হয় সাপ্তাহিক ছুটি। অর্থাৎ আরও ৫২ দিন। সর্বমোট

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

**হাইস্কুলে**

(১ম পৃঃ পর)

সরকারী ছুটি হইতেছে ১৩৭ দিন। বাকী ২৮৮ দিন ক্লাস হওয়ার কথা। কিন্তু উহাও হয় না। আন্দোলন, হরতাল, ধর্মঘট, ছাত্র সংঘর্ষ, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, সাহিত্য ও সংস্কৃতি প্রতিযোগিতাসহ বিভিন্ন অনুষ্ঠানের জন্য বহুদিন ক্লাস বন্ধ থাকে। এ ছাড়া এস,এস,সি পরীক্ষা ও স্কুলের বিভিন্ন পরীক্ষার জন্যও ক্লাস বন্ধ থাকে মাসাধিককাল। সব মিলাইয়া বছরের প্রায় অর্ধেক সময় ক্লাস হয় না স্কুলগুলিতে। ফলে সিলেবাস থাকে অসম্পূর্ণ। স্কুলগুলিতে গ্রীষ্মকালীন ছুটি কোথাও ১৫ দিন আবার কোথাও বেশী। ঈদ-উল-ফিতরের ছুটির পর কিছুদিন ক্লাস হইয়াছে। এসএসসি পরীক্ষার জন্য আবার স্কুল বন্ধ হয়। কিছুদিন পর ঈদ-উল-আজহার ছুটি হয় স্কুলে। হাতেগোনা কয়েকদিন পর আবার শুরু হয় গ্রীষ্মকালীন ছুটি। যেখানে স্কুলগুলিতে ছুটির পর ছুটি চলিতেছে সেখানে ঘটা করিয়া গ্রীষ্মকালীন ছুটি এখনও চালু রাখার কি যৌক্তিকতা রহিয়াছে তাহা বোধগম্য নয়।